যুগান্তর

তারিখ ... 08 OCT 2015 ...
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ৬-৭ ...

### শিক্ষামন্ত্রীর সঙ্গে বৈঠকে শিক্ষক সমিতি

# শিক্ষা ক্যাডার নিয়ে ষড়যন্ত্র চলছে

যুগান্তর রিপোর্ট

১৯ অক্টোবর সরকারি কলেজের শিক্ষকরা পূর্ণদিবস কর্মবিরতি পালন করবেন। এছাড়া ১ নভেম্বর ঢাকায় শিক্ষাভবনে ১ ঘণ্টা অবস্থান কর্মসূচি পালন করবেন তারা। তিন দফা দাবি আদায়ে বুধবার রাতে বিসিএস সাধারণ শিক্ষা সমিতি এ কর্মসূচি ঘোষণা করেছে। এর আগে বিকালে শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদের সঙ্গে বৈঠকে সমিতির নেতারা বলেন, শিক্ষা ক্যাডার নিয়ে গভীর ষড়যন্ত্র চলছে। এই ক্যাডারের সর্বোচ্চ ধাপের কর্মকর্তাদের ৪ নম্বর গ্রেডে রাখা হয়েছে। শিক্ষা ক্যাডারের আওতাভুক্ত বিভিন্ন শীর্ষপদ দখলে নিতে চান প্রশাসন ক্যাডারের কর্মকর্তারা। এজন্যই গ্রেডের অবনমনসহ ক্যাডার সার্ভিসকে তিনটি ভাগে ভাগ করার মাধ্যমে শিক্ষা ক্যাডারের কর্মকর্তাদের সর্বোচ্চ ধাপে যাওয়ার পথ রুদ্ধ করা হয়েছে। প্রস্তাবিত গ্রেড বিন্যাসের কারণে শিক্ষা প্রশাসনের সব শীর্ষপদ বেদখল হয়ে যাবে বলে আশংকা প্রকাশ করেন শিক্ষকরা।

সমিতির মহাসচিব আইকে সেলিম উল্লাহ খোন্দকার জানান, ১৩ ও ১৪ অক্টোবর কর্মবিরতি আর ১৮ অক্টোবর অবস্থান কর্মসূচি ছিল। শিক্ষামন্ত্রী আমাদের দাবিগুলো নিয়ে মন্ত্রিসভা কমিটির বৈঠকে কথা বলার আশ্বাস দিয়েছেন। তার প্রতি শ্রদ্ধা রেখে কর্মসূচি পিছিয়ে ১৯ অক্টোবর ও ১ নভেম্বর নির্ধারণ হয়েছে। তবে এ মাসের মধ্যে যাতে অনুমোদিত পে-স্কেলের প্রজ্ঞাপন জারি করা না হয়, সেজন্য তারা কর্মসূচি রেখেছেন। তিনি আরও জানান, অষ্টম পে-স্কেলে সৃষ্ট বৈষম্য নিরসন, সিলেকশন গ্রেড ও টাইম স্কেল পুনর্বহাল এবং শিক্ষা ক্যাডারের কর্মকর্তাদের গ্রেড পুনর্বিন্যাসসহ ৩ দফা দাবিতে তারা এ কর্মসূচি পালন করবেন।

এর আগে তারা বিকাল ৩ থেকে প্রায় আড়াই ঘণ্টা শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদের সঙ্গে বৈঠক করেন। সমিতির সভাপতি অধ্যাপক নাসরীন বেগমের নেতৃত্বে ৩০ সদস্যের প্রতিনিধি বৈঠকে ছিলেন। এ সময় বলেন, দাবি পূরণ করা না হলে তারা কঠোর আন্দোলন গড়ে তুলবেন।